

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

নং-২২.০০.০০০০.০৫২.২৫.০০৬.১৭. ৫৫০

তারিখ: ০২ আগস্ট ২০১৭

প্রজ্ঞাপন

মিজ সাইবিন সুলতানা, সহকারী পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর অনুকূলে The Global Environment Scholarship Program (GESP) এর আওতায় The Republic of Korea-তে Master's Degree Program করার জন্য আগামী ১০ আগস্ট ২০১৭ হতে ৩০ সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত (ট্রানজিটকাল ব্যতীত) নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে প্রেষণ মঞ্জুর করা হলো :

শর্তাবলী :

১. কোর্স সম্পন্ন করার জন্য বা সম্পন্ন করার পর কোন বাড়তি সুবিধা/পদোন্নতি দাবী করতে পারবেন না;
২. এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
৩. কোর্স নির্ধারিত মেয়াদের মধ্যে কৃতকার্যতার সাথে সম্পন্ন করতে হবে;
৪. কোন অবস্থাতেই কোর্সের মেয়াদ শেষে বিদেশে অবস্থান করতে পারবেন না। কোর্সের মেয়াদ শেষ হওয়ার অব্যবহতি পরেই কর্মস্থলে যোগদান করতে হবে;
৫. ৩০০/- টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প যথাযথভাবে সম্পাদিত অঙ্গীকারনামা প্রদান করতে হবে;
৬. কোন অবস্থাতেই কোর্সের মেয়াদ বৃদ্ধি অথবা কোর্স পরিবর্তন করার জন্য আবেদন করা যাবে না;
৭. কোর্স সমাপ্তির পর এ সংক্রান্ত সার্টিফিকেট সরকারের নিকট দাখিল করতে হবে।
৮. তিনি দেশীয় মুদ্রায় মূল কর্মস্থল হতে বিধি মোতাবেক বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ মামুনুর রশীদ)
উপ সচিব

ফোন : ৯৫৪৯০৭২

স্মারক নং-২২.০০.০০০০.০৫২.২৫.০০৬.১৭.

তারিখ: ০২ আগস্ট ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিবেশ ও বন মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৮। প্রোগ্রামার, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। মিজ সাইবিন সুলতানা, সহকারী পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। অফিস কপি।

(মোঃ মামুনুর রশীদ)
উপ সচিব